



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়
বগুড়া
জুডিশিয়াল মুন্সিখানা শাখা
www.bogura.gov.bd

নম্বর: ০৫.৫০.১০০০.০০০.০১১.২৭.০০০১.২৪.৪০৫

তারিখ: ২৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা বগুড়া জেলার সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণকে জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, রাজনৈতিক-৪ শাখা'র ০৮/০৪/২০২৬ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১ (অংশ-১)-১২৬ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনে জাতীয় সংসদের ৪১ বগুড়া-৬ শূন্য আসনের নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরিচালনার লক্ষ্যে সরকার The Arms Act, 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক নিম্নোক্ত আদেশ জারী করিয়াছেন:

০২। আগামী ০৯-১১ এপ্রিল ২০২৬ তারিখ পর্যন্ত আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণের আগ্নেয়াস্ত্র (কর্মরত সামরিক-অসামরিক কর্মকর্তা ব্যতীত) বহন ও প্রদর্শন সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে।

০৩। ইতোমধ্যে জমাকৃত যে সকল অস্ত্র ফেরত নেয়া হয়েছে সে সকল অস্ত্র অদ্য ০৮ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে লাইসেন্স গ্রহীতার স্থায়ী ঠিকানার থানায় অথবা বর্তমান বসবাসের ঠিকানার নিকটস্থ থানায় লাইসেন্স গ্রহীতা নিজে/মনোনীত প্রতিনিধির মাধ্যমে জমা প্রদান করবেন। উক্ত তারিখের মধ্যে কোন অস্ত্র/গোলাবারুদ থানায় জমা না দেয়া হলে অবৈধ অস্ত্র হিসেবে গণ্য করে অস্ত্র আইনে মামলা হবে। এছাড়া যাদের আগ্নেয়াস্ত্র থানা, জেলা ট্রেজারী ও আর্মস ডিলারদের নিকট জমা রাখা আছে; তাদের ক্ষেত্রে উপর্যুক্ত বিষয়টি প্রযোজ্য হবে না।

০৪। এ আদেশ লঙ্ঘনকারীদের বিরুদ্ধে The Arms Act, 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা

(ক) আইন শৃঙ্খলা রক্ষার সহিত সম্পৃক্ত সকল শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য;

(খ) বিভিন্ন সরকারী, আধাসরকারী এবং বেসরকারী দপ্তর, আর্থিক ও অন্যান্য প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরী;

ব্যাখ্যা: এই আদেশে "শৃঙ্খলা বাহিনী" বলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৫২-এ বর্ণিত শৃঙ্খলা বাহিনীকে বুঝাইবে।

০৮-০৪-২০২৬

মোঃ তোফিকুর রহমান

জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া

ফোন : ০২৫৮৯৯০০০২০

ইমেইল : dcbogura@mopa.gov.bd

নম্বর: ০৫.৫০.১০০০.০০০.০১১.২৭.০০০১.২৪.৪০৫/১ (১২)

তারিখ: ২৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৪। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল).....।
- ৫। পুলিশ সুপার, বগুড়া।
- ৬। উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া।
- ৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া।
- ৮। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, বগুড়া (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল)....., বগুড়া (তাকে উপরিউক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। সিনিয়র তথ্য অফিসার, বগুড়া (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।
- ১১। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া (গণবিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো) এবং
- ১২। অফিসার ইনচার্জ (সকল), থানা, বগুড়া।



০৮-০৪-২০২৬

মোঃ তৌফিকুর রহমান
জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া